গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৫৫

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯
১৪ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের ০৯.০০ ঘটিকা থেকে ০৯.৪০ ঘটিকা পর্যন্ত অফিস কক্ষে অবস্থান সংক্রান্ত।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৭৭ তারিখ: ১০.০৩.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৪৮৪ তারিখ: ২৭.০৮.২০১৯

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রোস্থ (১) ও (২) নম্বর স্মারকের মাধ্যমে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে সকাল ৯.০০-৯.৪০ ঘটিকা পর্যন্ত জরুরী পরিস্থিতি ব্যতিরেকে অফিসকক্ষে অবস্থানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। মন্ত্রিপরিষদ বিভাগ হতে মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম নিয়মিত তদারকি করা হয়। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে যোগাযোগের ক্ষেত্রে অনেক কর্মকর্তাকে সম্প্রতি যথাসময়ে অফিস কক্ষে উপস্থিত পাওয়া যাচ্ছে না। ফলে জনসাধারণ ও অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সংযোগ স্থাপন অসম্ভব হয়ে পড়ে। এতে সাধারণ নাগরিকগণ যেমন ক্ষতিগ্রস্ত হন, তেমনি সরকারি কাজের গতিও শ্লথ হয়।

০২। এমতাবস্থায়, সেবাগ্রহণকারী নাগরিকদের সুবিধা এবং সরকারি কর্মকান্ডে গতিশীলতা ও সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ জনস্বার্থে আবশ্যিকভাবে সকাল ৯.০০ ঘটিকায় অফিসে এসে অত্যাবশ্যকীয় ভাবে ০৯.৪০ ঘটিকা পর্যন্ত অফিসে অবস্থান করে অফিসের কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

১৪-২-২০২৩
এ এস এম ফেরদৌস
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২২২৩৩৮৯১৯১
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল:
gfa_branch@cabinet.gov.bd

বিতরণ:
১) জেলা প্রশাসক (সকল)
২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৫৫/১(৯)

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯
১৪ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি:

স্মারক নং-০৫.৪১.৫৬০০.২০৫.৯৯.০০১.২০- ৮০

তারিখ : ০২ ফাল্গুন, ১৪২৯
১৫ ফেব্রুয়ারি, ২০২৩

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫.০২.২৩
রিক্তা খাতুন
ভারপ্রাপ্ত কর্মকর্তা
সংস্থাপন শাখা

০১। দপ্তর প্রধান
..........................(সকল), মানিকগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৭৭

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭
১০ মার্চ ২০২১

বিষয়: মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের ৯.০০ থেকে ০৯.৪০ মি: পর্যন্ত অফিস কক্ষে অবস্থান সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৪৮৪ তারিখ: ২৭ আগস্ট ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের মাধ্যমে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে সকাল ৯.০০-৯.৪০ মিনিট পর্যন্ত জরুরী পরিস্থিতি ব্যতিরেকে অফিসকক্ষে অবস্থানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল (কপি সংযুক্ত)। মন্ত্রিপরিষদ বিভাগ হতে মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম নিয়মিত তদারকি করা হয়। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে যোগাযোগের ক্ষেত্রে অনেক কর্মকর্তাকে সম্প্রতি যথাসময়ে অফিসকক্ষে উপস্থিত পাওয়া যাচ্ছে না। ফলে জনসাধারণ ও অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সংযোগ সংস্থাপন অসম্ভব হয়ে পড়ছে। এতে সাধারণ নাগরিকগণ যেমন ক্ষতিগ্রস্ত হচ্ছেন, তেমনি সরকারি কাজের গতিও শ্লথ হচ্ছে।

০২। এমতাবস্থায়, মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ জনস্বার্থে আবশ্যিকভাবে সকাল ৯.০০টায় অফিসে এসে অত্যাবশ্যকীয় ভাবে ০৯.৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান করে অফিসের কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-৩-২০২১


মোহাম্মদ আমিনুল ইসলাম খান
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল:
gfa_branch@cabinet.gov.bd


বিতরণ :

১) বিভাগীয় কমিশনার (সকল)
২) জেলা প্রশাসক (সকল)
৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৭৭/১(২)

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭
১০ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ

১০-৩-২০২১



Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৪৮৪

তারিখ: ১২ ভাদ্র ১৪২৬ / ২৭ আগস্ট ২০১৯

## পরিপত্র

**বিষয়: মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের ৯:০০ থেকে ০৯:৪০ মিঃ পর্যন্ত অফিস কক্ষে অবস্থান সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ১-৪৭/৮৮-মপবি (সংস্থা)/৩৪৪, তারিখ: ২৩ জুন ২০০৩

সূত্রোক্ত পরিপত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে অফিসে আগমনকালে পথিমধ্যে দাপ্তরিক/ব্যক্তিগত বিভিন্ন কাজের অজুহাত দেখিয়ে কতিপয় কর্মকর্তা/কর্মচারী সঠিক সময়ে অফিসে উপস্থিত হন না মর্মে সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে। ফলশ্রুতিতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের সঙ্গে জনসাধারণ ও অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সংযোগ স্থাপন দুঃসাধ্য বা অসম্ভব হয়ে পড়ে। এতে সাধারণ নাগরিকগণ যেমন ক্ষতিগ্রস্ত হন, তেমনি সরকারি কাজের গতিও শ্লথ হয়।

২। উপর্যুক্ত প্রেক্ষাপটে মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে এ মর্মে অনুশাসন প্রদান করা যাচ্ছে যে তারা সকাল ৯:০০ থেকে ০৯:৪০ মিনিট সময় পর্যন্ত আবশ্যকীয়ভাবে নিজ অফিস কক্ষে অবস্থান করে অফিসের স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করবেন। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নকালে লক্ষ্য রাখতে হবে যেন তাদের সকাল ৯:০০ টা থেকে ০৯:৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান ব্যাহত না হয়।

৩। উল্লেখ্য, অফিস সময়ে অফিস কক্ষে/দপ্তরে অবস্থানপূর্বক দায়িত্ব পালনকারী মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে উক্ত বাধ্যবাধকতা প্রযোজ্য হবে। তবে ভিভিআইপি/ভিআইপিদের প্রটোকল প্রদান, আকস্মিকভাবে সংঘটিত কোন বড় রকমের দুর্ঘটনা মোকাবেলা, গুরুত্বপূর্ণ সভায় যোগদান এবং অনুমোদিত ভ্রমণসূচির মাধ্যমে সফরে গমনের ক্ষেত্রে উপর্যুক্ত বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না।

৪। এমতাবস্থায়, সেবাগ্রহণকারী নাগরিকদের সুবিধা এবং সরকারি কর্মকান্ডে গতিশীলতা ও সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ জনস্বার্থে সকাল ৯:০০টায় সরাসরি অফিসে আসবেন এবং আবশ্যকীয়ভাবে ০৯:৪০ মিনিট পর্যন্ত অফিসে অবস্থান করে অফিসের কার্যক্রম পরিচালনা করবেন।

৫। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

২৭.০৮.১৯

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

**বিতরণ:**

০১. প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
০২. সিনিয়র সচিব/সচিব, ... ... ... ... ... ... ... ... ... ... ... মন্ত্রণালয়/বিভাগ;
০৩. বিভাগীয় কমিশনার (সকল);
০৪. জেলা প্রশাসক (সকল); ও
০৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।